

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫-৪৩৮

তারিখঃ ৩০ কার্তিক ১৪২৪
১৪ নভেম্বর ২০১৭

পরিপত্র

বিষয়ঃ iBAS++-এর হিসাবরক্ষণ মডিউলের বাজেট কন্ট্রোল অপশন চালুকরণ প্রসঙ্গে।

সরকারি আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে ইতোমধ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর/সংস্থাসমূহে সমন্বিত বাজেট ও হিসাবরক্ষণ পদ্ধতি (Integrated Budget and Accounting System, iBAS++) এর আওতায় ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে এসকল দপ্তরে iBAS++-এর বাজেট বাস্তবায়ন মডিউল সফলভাবে চালু করা হয়েছে। এছাড়া, অধিকাংশ হিসাব রক্ষণ কার্যালয়ে iBAS++-এর হিসাবরক্ষণ মডিউলের বাস্তবায়ন কার্যক্রম আরম্ভ হয়েছে। এ পদ্ধতির সামগ্রিক সুবিধা গ্রহণের লক্ষ্যে উপজেলা হিসাবরক্ষণ কার্যালয় পর্যন্ত বরাদ্দ বণ্টন, বিস্তারিত বিভাজন, অর্থছাড়, পুনঃউপযোজন, বিল দাখিল, ইত্যাদি বিষয়ে iBAS++-এর হিসাব রক্ষণ মডিউলের বাজেট কন্ট্রোল অপশন চালু করা হবে।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, উপজেলা হিসাব রক্ষণ কার্যালয় পর্যন্ত iBAS++-এর হিসাব রক্ষণ মডিউলের বাজেট কন্ট্রোল অপশন চালু করার স্বার্থে সকল মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তরসমূহকে (বিভাগীয়, জেলা, উপজেলা) তাদের বরাদ্দ বণ্টন/বিভাজনপূর্বক iBAS++ সিস্টেমে জরুরিভিত্তিতে এন্ট্রি করার জন্য অনুরোধ করা হলো। নতুবা iBAS++-এর হিসাব রক্ষণ মডিউলের বাজেট কন্ট্রোল অপশন চালু করা হলে ঐসব দপ্তরের বিল হিসাবরক্ষণ অফিসের সিস্টেমে স্বয়ংক্রিয়ভাবে 'অপর্যাপ্ত বরাদ্দ' মন্তব্যসহ ফেরত প্রদান করবে। ফলে ঐসকল সরকারি দপ্তরের আর্থিক কার্যক্রম যথাযথভাবে সম্পাদনে বিঘ্ন সৃষ্টি হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ হাবিবুর রহমান)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৬০৪৩

ইমেইলঃ habiburr@finance.gov.bd

বিতরণ (অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/অফিসসমূহকে অবহিতকরণের অনুরোধসহ):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও ঢাকা
৩. বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব,

.....মন্ত্রণালয়/বিভাগ (সকল)

৫. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৬. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৭. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৮. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৯. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা

৫৪

১০. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
১১. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সিজিডিএফ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
১২. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, আব্দুল গনি রোড, ঢাকা
১৩. বিভাগীয় কমিশনার.....(সকল)
১৪. উপমহাপুলিশ পরিদর্শক (সকল)
১৫. জেলা প্রশাসক (সকল)
১৬. জেলা পুলিশ সুপার (সকল)
১৭. উপজেলা নির্বাহী অফিসার.....(সকল)
১৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা মন্ত্রণালয়/বিভাগ (সকল)
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তাজেলা/উপজেলা (সকল)

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫-৪৩৮

তারিখঃ ৩০ কার্তিক ১৪২৪
১৪ নভেম্বর ২০১৭

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা কর্মসূচি, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র তথ্য কর্মকর্তা, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(পরিপত্রটি সংবাদ মাধ্যমকে অবহিত করার অনুরোধ করা হলো)
৪. সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(পরিপত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)


(মোহাম্মদ সাইদুল ইসলাম)
উপসচিব